

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৩.১৯-০১

তারিখঃ ০১/০১/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে মূল প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত Principal Company: Wings Investment LLC, USA কর্তৃক দাখিলকৃত Tender Security সহ দরপত্র মূল্যায়ন প্রসঙ্গে।

সূত্রঃ-৪৪.০১.০০০০.০৫৮.০৩.০২৩.১৮/৫৩৪৬; তারিখঃ ১৭/১২/২০১৮ খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-২(২৬) এ দরপত্রদাতার (Tenderer) সজ্ঞা দেয়া আছে। এছাড়া দরপত্রের সজ্ঞা বিধি-২(২৪) এবং আদর্শ দরপত্র দলিল PG4 এর ITT (Section 1) এর Clause 2.1(e) তে দেয়া আছে।

০২। উপর্যুক্ত বিধানের আলোকে দরদাতাকেই ITT এর Clause 21.1 অনুযায়ী দরপত্র দলিলে চাহিত সকল দলিলপত্র দাখিল করতে হয় যার মধ্যে Section 5 এ সন্নিবেশিত Forms সমূহ (PG 4:1--6) অন্তর্ভুক্ত। যে ক্ষেত্রে দরদাতা স্বয়ং প্রস্তুতকারক (Manufacturer) নন, সে ক্ষেত্রে দরপত্র দলিল [(Section 2: Tender Data Sheet) এর Clause 26.1(b)] এর শর্তে উল্লেখ থাকলে মূল প্রস্তুতকারককে Section 5 (Form) এর Form PG4-5 ফরম্যাট অনুযায়ী Manufacturer's Authorization Letter প্রদান করতে হয়।

০৩। বিবেচ্য পত্রে আরো উল্লেখ করা হয়েছে যে, Tenderer's legal name হিসেবে Wings Investment LLC, USA দরপত্র প্রস্তুত দাখিল করেছে (এ ক্ষেত্রে Multiple Tear Gas Launcher Vehicle Mounted প্রস্তুতকারক, দরদাতা নয়) এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক (Wings Investment LLC, USA) দরপত্র জামানত দাখিল করা হয়েছে যা বিধি-২২(৩ক) অনুযায়ী যথাযথ আছে। উল্লেখ্য, ক্ষমতা অর্পণ করা হলে দরপত্রদাতার মনোনীত প্রতিনিধি (Local Agent) হিসেবে দরপত্র দলিল সংগ্রহ ও জমা দিতে পারে কিন্তু লোকাল এজেন্ট দরদাতা নয়।

০৪। বিবেচ্য পত্রের বিষয়ে আরো জানানো যাচ্ছে যে, দরপত্রদাতা কর্তৃক দাখিলকৃত তথ্য এবং দলিলপত্রের ভিত্তিতে দরপত্র মূল্যায়ন করতে হবে। এ বিষয়ে বিশদ নির্দেশনা Section 1 (ITT) এর Clause 43-57 এ বর্ণিত আছে। দরপত্রদাতা বরাবর চুক্তি সম্পাদন নোটিশ (NOA) ইস্যু করতে হবে এবং দরপত্রদাতা কর্তৃক কার্যসম্পাদন জামানত প্রদত্ত হবে। অতঃপর সরবরাহকারীর (পণ্যের ক্ষেত্রে চুক্তি সম্পাদনের পরে চুক্তি সম্পাদনকারী দরপত্রদাতা সরবরাহকারী (Supplier) হিসেবে অভিহিত হন) অনুকূলে ঋণপত্র (L/C) খুলতে হবে।

০৫। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।


মাশুমী হাভিব
(মোসাঃ মৌসুমী হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

এআইজি (আর্মস এন্ড অ্যামুনিশন)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

অনুলিপি (স্বার্থার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।